

“ছেলে হোক, মেয়ে হোক,  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.dgfp.gov.bd



নং-৫৯.১১.০০০০.১৫২.১৬.০০৮.২১-২৪৩০/২

তারিখ : ২৪ আশ্বিন ১৪২৮  
০৯ অক্টোবর ২০২১

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সকল সেবা কেন্দ্রে সেবা কার্যক্রম চালু রাখা।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহের স্বাভাবিক সেবা কার্যক্রম চালু রাখা জনস্বার্থে অতীব জরুরী। যে সকল সেবা কেন্দ্রে জনবল সংকট রয়েছে সে সকল সেবা কেন্দ্রের সেবা কার্যক্রম স্থানীয় ব্যবস্থাপনায় রোস্টার ভিত্তিতে চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নবনির্মিত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র সমূহে (হস্তান্তরিত) পূর্ণ জনবল পদায়ন না হওয়া পর্যন্ত স্থানীয় ব্যবস্থাপনায় সেবা কার্যক্রম চালুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আগামী ০২(দুই) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন dgfpper1@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সেবা কেন্দ্র সমূহ চালু আছে তা সকলকে অবহিত করণার্থে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে-

- ক. পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অনুমোদিত সাইনবোর্ড প্রদর্শন;
- খ. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর নাম, পদবি এবং মোবাইল নম্বর ভবনের বাহিরে দৃশ্যমান স্থানে প্রদর্শন;
- গ. অনুমোদিত সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শন;
- ঘ. সেবা গ্রহীতার বসার ব্যবস্থাসহ সেবা কেন্দ্রের আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

০২। এ বিষয়ে বিভাগীয় পরিচালক এবং উপপরিচালকগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

১. পরিচালক  
পরিবার পরিকল্পনা

-----বিঃগণ

২. উপপরিচালক  
পরিবার পরিকল্পনা

জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়

(মোঃ হেমায়েৎ হোসেন)  
অতিরিক্ত সচিব ও  
পরিচালক (প্রশাসন)

ফোন নং- ৫৫০১২৩৪২

ই-মেইল diradmin@dgfp.gov.bd

নং-৫৯.১১.০০০০.১৫২.১৬.০০৮.২১-২৪৩০/২(১০)

তারিখ : ২৪ আশ্বিন ১৪২৮  
০৯ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)-----পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএং ইউনিট, এ অধিদপ্তর (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ শাহাদৎ হোসেন)  
উপপরিচালক (পাসোনেল)  
ফোন : ৫৫০১২৩৪৩